# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৮১ তারিখঃ ২৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৮০৭ তম কমিশন সভা অদ্য ১৩/০১/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Corporate Governance Code-2018 এর আলোকে পুঁজিবাজারে তালিকাভুক্ত সকল কোম্পানিসমূহের স্বাধীন পরিচালক (Independent Director) নিয়োগের অনুমোদনের আবেদনের জন্য অনলাইন প্ল্যাটফর্ম, "Regulatory Submission Form for Independent Directors" অনুমোদন করেছে।

এই প্রেক্ষিতে, আগামী ০১ ফেব্রুয়ারি ২০২২ ইং তারিখ হতে সকল তালিকাভুক্ত কোম্পানিসমূহ তাদের স্বাধীন পরিচালক নিয়োগের আবেদন উপরিল্লিখিত অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে প্রয়োজনীয় অনুমোদনের জন্য কমিশনে দাখিল করবে।

উল্লেখ্য, কমিশন পুঁজিবাজার ও সাধারণ বিনিয়োগকারীগণের স্বার্থে, এই বিষয়ে আজকের সভায় একটি প্রজ্ঞাপন (Notification) অনুমোদন করেছে যা আগামী ০১ ফেব্রুয়ারী ২০২২ ইং তারিখ হতে কার্যকর হবে।

০২. Aman Cotton Fibrous Limited কর্তৃক নিম্নোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় Aman Cotton Fibrous Limited এর প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতীত) ০৩ (তিন) কোটি টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও, ৭৩ (তিয়াত্তর) কোটি টাকা স্থায়ী আমানতের Lien বাতিল করে ৭ (সাত) দিনের মধ্যে কমিশনকে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

i. Condition No.6 of part C of the Commission IPO consent letter No. BSEC/CI/IPO-202/2012/305 dated May 03, 2018; by not implement the IPO proceeds,

ii. Clause © of the chapter XXII: Use of proceed "the company has no objective to invest in any joint venture, subsidiary associate or for any acquisition purpose,"

iii. Section 18 of the Securities and Exchange Ordinance 1969; by not providing true and fair picture of the company financial position,

iv. Commission letter No. BSEC/CFD/85/2019/52 dated June 21, 2020; by not co-operate with the special auditor, and

v. BSEC notification no. SEC/CMRRCD/ 2008-183/Admin/03-30, dated 01 June 2009; by transacted huge amount with related parties without proper documentation.



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

০৩. কমিশন অদ্যকার সভায়, Aman Cotton Fibrous Limited এর নিরীক্ষক ATA Khan & Co. (Chartered Accountants) নিম্নোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন ATA Khan & Co. (Chartered Accountants) -কে ১০ (দশ) লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

> "The Section 18 of the Securities and Exchange Ordinance 1969; by providing false and misleading information to the investors and the Commission."

13-01-2022
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd